

ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়নের জন্য নিম্নলিখিত দলিলাদি দাখিল করতে হবে
(চট্টগ্রাম কাস্টম হাউস এর জন্য প্রযোজ্য)

- ১। ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্সের মূল কপি।
- ২। নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা পরিশোধের টি আর চালান কোড: ১-১১৩১-০০১০-১৮৫৪ সোনালী ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
- ৩। নবায়ন ফি'র উপর ১৫% ভ্যাট পরিশোধের টি আর চালান কোড: ১-১১৩৩-০০২৫-০৩১১ সোনালী ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
- ৪। কার্যসম্পাদনের তালিকা (২ বৎসর)।
- ৫। রাজস্ব স্ট্যাম্প সম্বলিত অফিস ঘর ভাড়ার রসিদ (ফটোকপি) (২ বৎসর)।
- ৬। অফিস ঘর ভাড়ার উপর ১৫%% ভ্যাট পরিশোধের টি আর চালান কোড: ১-১১৩৩-০০২৫-০৩১১ সোনালী ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম (অফিসের আয়তন ১৪০ ফুট এর অধিক হলে ভ্যাট প্রযোজ্য)।
- ৭। মূসক সনদ পত্র (ফটোকপি)।
- ৮। হালনাগাদ ট্রেড লাইসেন্স (ফটোকপি)।
- ৯। আয়কর পরিশোধের সনদ পত্র (ফটোকপি)।
- ১০। প্রোফরমা ছক।
- ১১। বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশনের হালনাগাদ সনদ (ফটোকপি)।
- ১২। চট্টগ্রাম বন্দর তালিকাভুক্তি সনদ (ফটোকপি)।
- ১৩। যুগ্ম কমিশনার ও চেয়ারম্যান লাইসেন্সিং কর্তৃপক্ষ, চট্টগ্রাম কাস্টম হাউস বরাবরে আবেদন পত্রের সাথে ২০/-টাকা মূল্যমানের কোর্ট ফি সংযুক্ত করতে হবে।
- ১৪। প্রতিটি দলিলাদির ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে দাখিল করতে হবে।